# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬২৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “এটি সেই বছর এবং আগের গোনাহ মোচন করে দিবে” এর দ্বারা উদ্দেশ্য হলো পূর্বের এক বছর মাত্র

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صلى الله عليه وسلم: (يُكَفِّرُ السَّنَةَ وَمَا قَبْلَهَا) يُرِيدُ مَا قَبْلَهَا سَنَةً وَاحِدَةً فَقَطْ

---

আরবী

3623 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ غَيْلَانَ بْنِ جَرِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبَدٍ عَنْ أَبِي قَتَادَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: (صِيَامُ يَوْمِ عَرَفَةَ إِنِّي أحتسبُ عَلَى اللَّهِ أَنْ يُكَفِّرُ السَّنَةَ الَّتِي قَبْلَهُ وَالسَّنَةَ الَّتِي بَعْدَهُ وَصِيَامُ يَوْمِ عَاشُورَاءَ إِنِّي أَحْتَسِبُ عَلَى الله أن يكفر السنة التي قبله)

الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3623 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2096): م.

বাংলা

৩৬২৩. আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আরাফার সিয়ামের ব্যাপারে আমি আল্লাহর কাছে আশাবাদী যে, তিনি এর বদৌলতে আগের ও পরের (দুই) বছরের গোনাহ মোচন করে দিবেন। আর আশুরার সিয়ামের ব্যাপারে আমি আল্লাহর কাছে আশাবাদী যে, তিনি এর বদৌলতে আগের (এক) বছরের গোনাহ মোচন করে দিবেন।” [1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮২৬; সুনান বাইহাকী: ৪/২৮৬; মুসনাদ আহমাদ: ৫/৩০৮; তাহাবী: ২/৭৭; সুনানবাইহাকী: ৪/২৮৬; আবূ দাউদ: ২৪২৬; সহীহ মুসলিম: ১১৬২; তাহাবী: ২/৭২; বাগাবী: ১৭৮৯; মুসনাদ

আলী বিন জা'দ: ১৮১৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92959

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন